

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
 খাদ্য অধিদপ্তর
 চলাচল পরিকল্পনা বিভাগ ও সড়ক শাখা
 ১৬, আব্দুল গণি রোড, ঢাকা-১০০০।
www.dgfood.gov.bd

তারিখ: ৩০ মাঘ ১৪৩১ বঙ্গাব্দ
 ১৩ ফেব্রুয়ারি ২০২৫ খ্রিস্টাব্দ

স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০৮১.৫০.০০২.২৫.৩১১৯

বিষয়: চট্টগ্রামে কুতুবদিয়া/বহির্নির্ভোগে আমদানিকৃত গমবাহী MV. INDIGO OMEGA জাহাজ হতে মেজর ক্যারিয়ার,

চট্টগ্রাম এর ঠিকাদারের মাধ্যমে নারায়ণগঞ্জ সাইলোতে মোট ৩০,৩১০ মে.টন ঢালা গম পরিবহণের অনুমোদন

সূত্র: চলাচল ও সংরক্ষণ নিয়ন্ত্রক, চট্টগ্রাম এর ১২-০২-২০২৫ খ্রি. ১৩.০১.০০০০.৮০২.৫০.০০১. ২৫.১৮৭ নং স্মারক এবং ১৩-০২.২০২৫ খ্রি.

১৩.০১.০০০০.৮০২.৫০.০০১.২৫.১৮৯ নং স্মারক

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, চট্টগ্রামে কুতুবদিয়া/বহির্নির্ভোগে আমদানিকৃত গমবাহী MV. INDIGO OMEGA জাহাজ হতে ০৯-০২-২০২৫ খ্রি. তারিখে স্বাক্ষরিত চতুর্পক্ষীয় MoU মোতাবেক মেজর ক্যারিয়ার, চট্টগ্রাম ঠিকাদারদের লাইটার জাহাজের মাধ্যমে মোট ৩১,৫০০ মে.টন গম নারায়ণগঞ্জ সাইলোতে প্রেরণের জন্য সেভেন সীজ শিপিং লাইন্স এর ১২-০২-২০২৫ খ্রি. তারিখের SSSL503IGO1225 পত্রে চলাচল ও সংরক্ষণ নিয়ন্ত্রক, চট্টগ্রাম দপ্তরে প্রেরণ করেছেন। উল্লিখিত ১৮টি লাইটারের অবস্থান, জাহাজসমূহের ফিটনেস যাচাই করে নিয়োক্তভাবে প্রস্তাব প্রেরণ করেছেন এবং সূচি জারির বিষয়ে পরবর্তী ব্যবস্থা গ্রহণের জন্য সূচিত স্মারকে অনুরোধ করেছেন। চলাচল ও সংরক্ষণ নিয়ন্ত্রক, চট্টগ্রাম এবং সেভেন সীজ শিপিং লাইন্স এর প্রস্তাব পর্যালোচনা ও জাহাজ ট্র্যাকিং করে ১৭ টি লাইটারের মাধ্যমে নারায়ণগঞ্জ সাইলোতে খালাসের জন্য মোট ৩০,৩১০ মে.টন ঢালা গম নিয়োক্তভাবে অনুমোদন প্রদান করা হলো।

ক্র. নং	ঠিকাদারি প্রতিষ্ঠানের নাম	লাইটার জাহাজের নাম	পরিমাণ (মে.টন)	মন্তব্য
১.	মেসার্স ফ্লোবাল মার্কেন্টাইল শিপিং এন্ড ট্রেডিং	এমভি. ইরা-৮	২০২০	
২.	মেসার্স এস.টি. ট্রেডিং ইন্টারন্যাশনাল	এমভি. এন. এইচ-১	২২০০	
৩.	মেসার্স মীম শরৎ কনস্ট্রাকশন	এমভি. ইয়া মেহেতার ইলিয়াছ ট্রাঙ্কপোর্ট	১১৭০	
৪.	মেসার্স ইরা কর্পোরেশন	এমভি. এস এ বাশার	১৮৫০	
৫.	মেসার্স ফারুক ব্রাদার্স শিপিং লাইন্স	এমভি. রেড ওশান-৩	২০০০	
৬.	এমভি শাহজালাল নেভিগেশন লিঃ-মেসার্স বাবুল ট্রাঙ্কপোর্ট এন্ড কোং (জেভিসিএ)	এমভি. বাবা শাহ পরান (র.)	২২০০	
৭.	মেসার্স ফ্লোবাল মার্কেন্টাইল শিপিং এন্ড ট্রেডিং	এমভি. ইরা-১৪	১২০০	
৮.	মেসার্স এস.টি. ট্রেডিং ইন্টারন্যাশনাল	এমভি. সাজেদী হোসেন	২০৬৭	
৯.	মেসার্স মীম শরৎ কনস্ট্রাকশন	এমভি. হ্যরত গোলামুর রহমান (বাবা ভাস্তুরী)	২২৫০	
১০.	মেসার্স ইরা কর্পোরেশন	এমভি. এস এ বাশার-১০	১১২৬	
১১.	মেসার্স ফারুক ব্রাদার্স শিপিং লাইন্স	এমভি. এ. আর-১	১৭৫০	
১২.	এমভি শাহজালাল নেভিগেশন লিঃ-মেসার্স বাবুল ট্রাঙ্কপোর্ট এন্ড কোং (জেভিসিএ)	এমভি. শাহ সুন্দর (অন্তর বাবা)	২২০০	
১৩.	মেসার্স এস.টি. ট্রেডিং ইন্টারন্যাশনাল	এমভি. ইয়াছমিন	২০০০	
১৪.	মেসার্স মীম শরৎ কনস্ট্রাকশন	এমভি. হ্যরত গেছুদারাজ কল্লাহ শহীদ (বহঃ)	১৬০০	
১৫.	মেসার্স ফারুক ব্রাদার্স শিপিং লাইন্স	এমভি. আকাশ-০৩	১৪৭৭	
১৬.	মেসার্স এস.টি. ট্রেডিং ইন্টারন্যাশনাল	এমভি. তাসনিয়া-১	১০৫০	
১৭.	মেসার্স ফয়সাল নেভিগেশন	এমভি. ফয়সাল-১০	১১৫০	
		মোট =	৩০৩১০	

এমতাবস্থায়, চলাচল ও সংরক্ষণ নিয়ন্ত্রক, চট্টগ্রাম ও সেভেন সীজ শিপিং লাইন্স এর প্রস্তাবমতে এবং ০৯-০২-২০২৫ খ্রি. স্বাক্ষরিত চতুর্পক্ষীয় MoU মোতাবেক MV. INDIGO OMEGA জাহাজ হতে মেজর ক্যারিয়ার, চট্টগ্রাম ঠিকাদারের লাইটারের মাধ্যমে চট্টগ্রাম কুতুবদিয়া/বহির্নেঙ্গের হতে মোট ৩০,৩১০ মে.টন ঢালা গম নারায়ণগঞ্জ সাইলোতে পরিবহনের উপর্যুক্ত প্রস্তাবের অনুমোদন ও নিম্নোক্ত নির্দেশনাসমূহ যথাযথভাবে পরিপালনের শর্তে নির্দেশক্রমে জারি করা হলো। উল্লেখ্য, প্রাপক কেন্দ্রে খালাস শেষ না হওয়া পর্যন্ত সরবরাহকারী ও মেজর ক্যারিয়ার, চট্টগ্রাম ঠিকাদারসহ সংশ্লিষ্ট সকলকে অধিকতর সতর্কতা অবলম্বন করতে হবে।

নির্দেশনাসমূহ:

১। (ক) নারায়ণগঞ্জ সাইলোর উদ্দেশ্যে মাদারভেসেল থেকে পরিবাহিতব্য গম সাইলোতে প্রাপ্তি না হওয়া পর্যন্ত গমের সকল দায়-দায়িত্ব সরবরাহকারীর উপর বর্তাবে এবং Unloading এর ক্ষেত্রে Stevedoring খরচ সরবরাহকারী প্রতিষ্ঠানকে বহন করতে হবে। এক্ষেত্রে সরকারি কোন অর্থ ব্যয় করা যাবে না;

(খ) নারায়ণগঞ্জ সাইলোতে গম গ্রহণের পূর্বে গমের বিনির্দেশ যথাযথ কি না তা পরীক্ষা করে নিশ্চিত হলে গ্রহণ করতে হবে;

(গ) বিধি মোতাবেক অন্যান্য সকল নিয়মনীতি অনুসরণ করতে হবে।

২। জাহাজ/কোষ্টারের ঢালা গম পরিবহনের উপর্যুক্ততা যাচাই এর জন্য সার্ভে সার্টিফিকেট, বেক্সিং সার্টিফিকেট, সেইফটি ইকুইপমেন্ট সার্টিফিকেট এর মূল/সত্যায়িত কপি এবং চলাচল ও জাহাজ লোডিং সংক্রান্ত যাবতীয় বিষয়াবলি অবলোকন/যাচাইপূর্বক চুক্তির শর্তাবলী ও অধিদপ্তরের নির্দেশনা অনুসরণ করে জাহাজের ধারণক্ষমতাকে আমলে এনে ঢালা গম বোরাইয়ের পর ডয়েস যাত্রার পূর্বে ভারসাম্য রক্ষার ব্যবস্থা নিতে হবে।

৩। সাধারণ বীমা কর্পোরেশন হতে বোরাইকৃত পণ্যের বীমা খাদ্য বিভাগের অনুকূলে গ্রহণপূর্বক চলাচল ও সংরক্ষণ নিয়ন্ত্রক, চট্টগ্রাম গম পরিবহণ করবেন। বোরাই অবস্থায় জাহাজের ফ্রি বোর্ড (Free Board) নিরাপদ মাপে রাখার বিষয়টি নিশ্চিত করতে হবে।

৪। মেজর ক্যারিয়ার, চট্টগ্রাম বুটে জারিকৃত সূচির ঠিকাদারদের লাইটেনিং এর কার্যক্রম চলাচল ও সংরক্ষণ নিয়ন্ত্রক, চট্টগ্রাম কর্তৃক সম্পন্ন হবে। এক্ষেত্রে MoU তে উল্লিখিত কুতুবদিয়া ও বহির্নেঙ্গের পরিমাণ সঠিক রেখে লাইটারসমূহের ধারণক্ষমতা বিবেচনা করে চলাচল ও সংরক্ষণ নিয়ন্ত্রক, চট্টগ্রাম ঠিকাদারদের অনুকূলে বরাদ্দকৃত গম হতে প্রয়োজনে কম/বেশি করে পরিবহনের সূচিকৃত সমুদয় গম পরিবহনের ব্যবস্থা নিবেন।

৫। এই সূচির মেয়াদ (১০ দিনের বেশী নয়) চলাচল ও সংরক্ষণ নিয়ন্ত্রক, চট্টগ্রাম কর্তৃক নির্ধারিত হবে এবং চলাচল সংক্রান্ত যাবতীয় নীতিমালা পালন করতে হবে।

এতে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন রয়েছে।

১৩-০২-২০২৫
মোঃ আফিফ-আল-মাহমুদ ভঁএঁ
উপপরিচালক

চলাচল ও সংরক্ষণ নিয়ন্ত্রক (ভারপ্রাপ্ত)

চলাচল ও সংরক্ষণ নিয়ন্ত্রকের দণ্ডর, চলাচল ও সংরক্ষণ নিয়ন্ত্রক, চট্টগ্রাম।

স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০৮১.৫০.০০২.২৫.৩১১৯/১ (৭)

তারিখ: ৩০ মাঘ ১৪৩১ বঙ্গাব্দ
১৩ ফেব্রুয়ারি ২০২৫ খ্রিস্টাব্দ

অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যোষ্ঠার ক্রমানুসারে নয়):

- ১। পরিচালক, হিসাব ও অর্থ বিভাগ, খাদ্য অধিদপ্তর।
- ২। পরিচালক, সংগ্রহ বিভাগ, খাদ্য অধিদপ্তর।
- ৩। আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, ঢাকা/চট্টগ্রাম।
- ৪। সাইলো অধীক্ষকের কার্যালয়, নারায়ণগঞ্জ সাইলো, নারায়ণগঞ্জ।
- ৫। সিস্টেম এনালিস্ট, কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট, খাদ্য অধিদপ্তর (খাদ্য অধিদপ্তরের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধ করা হলো)।
- ৬। মহাপরিচালকের একান্ত সচিব, মহাপরিচালকের দপ্তর, খাদ্য অধিদপ্তর (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৭। সেভেন সীজ শিপিং লাইন্স, আস-সালাম টাওয়ার (৩য় তলা) আগ্রাবাদ, চট্টগ্রাম।



১৩-০২-২০২৫

মোঃ আফিফ-আল-মাহমুদ ভঁএগা
উপপরিচালক